

স্মারক নম্বর: ২৬.০০.০০০০.১৫৭.৩৩.০১৯.৮৮.৮৭

তারিখ: ১০ আশ্বিন ১৪৩১
২৫ সেপ্টেম্বর ২০২৪

অফিস আদেশ

যেহেতু, বাংলাদেশ কম্পিউটার সমিতি বাণিজ্য মন্ত্রণালয়ের লাইসেন্সপ্রাপ্ত একটি নিবন্ধিত বাণিজ্য সংগঠন;

যেহেতু, বাংলাদেশ কম্পিউটার সমিতি ২০২৪-২০২৬ মেয়াদের পরিচালনা পর্ষদ থেকে সভাপতি, সহ-সভাপতি, মহাসচিব, যুগ্ম-মহাসচিব, কোষাধ্যক্ষ ও পরিচালকসহ মোট ০৭ জন পদত্যাগ করেছেন এবং পদত্যাগ পত্রসমূহ মহাপরিচালক, বাণিজ্য সংগঠন, বাণিজ্য মন্ত্রণালয় বরাবর প্রেরণ করে আইনানুগ ব্যবস্থা গ্রহণের অনুরোধ জানান;


যেহেতু, বাংলাদেশ কম্পিউটার সমিতি ২০২৪-২০২৬ মেয়াদের পরিচালনা পর্ষদ থেকে সকলে পদত্যাগ করেছেন বিধায় উক্ত পর্ষদকে নোটিশ প্রদান করার সুযোগ নেই;

যেহেতু, বাংলাদেশ কম্পিউটার সমিতি ২০২৪-২০২৬ মেয়াদের পরিচালনা পর্ষদ বর্তমানে নেই;

যেহেতু, বাংলাদেশ কম্পিউটার সমিতি কর্তৃক প্রেরিত আহ্বায়ক কমিটি বাণিজ্য সংগঠন আইন, ২০২২ ও বাণিজ্য সংগঠন বিধিমালা, ১৯৯৪ এবং সংগঠনটির সংঘবিধি ও সংঘস্মারক অনুযায়ী আহ্বায়ক কমিটি গঠনের নির্দেশনা নেই;

যেহেতু, বাংলাদেশ কম্পিউটার সমিতি এর সকল কার্যক্রমের ধারাবাহিকতা বজায় রাখার লক্ষ্যে বাণিজ্য সংগঠন আইন, ২০২২, বাণিজ্য সংগঠন বিধিমালা, ১৯৯৪, সংগঠনের সংঘস্মারক ও সংঘবিধি অনুযায়ী পরিচালিত হওয়া আবশ্যিক;

সেহেতু, বাণিজ্য সংগঠন আইন, ২০২২ এর ১৭ ধারা মোতাবেক সরকারের অনুমোদনক্রমে বাণিজ্য মন্ত্রণালয়ের যুগ্মসচিব জনাব নাহিদ আফরোজ -কে “বাংলাদেশ কম্পিউটার সমিতি” এর প্রশাসক নিয়োগ করা হলো। তিনি ১২০ (একশত বিশ) দিনের মধ্যে একটি সুষ্ঠু ও নিরপেক্ষ নির্বাচন অনুষ্ঠান সম্পন্ন করত: নির্বাচিত কমিটির নিকট দায়িত্ব হস্তান্তর করে এ মন্ত্রণালয়কে অবহিত করবেন।


ড. নাজমীন কাউসার চৌধুরী, অতিরিক্ত সচিব
মহাপরিচালক, বাণিজ্য সংগঠন অনুবিভাগ
ফোন: +৮৮-০২-৫৫১০০৬৭৯
Email: dgeneral.to@mincom.gov.bd

স্মারক নম্বর: ২৬.০০.০০০০.১৫৭.৩৩.০১৯.৮৮.৮৭

তারিখ: ১০ আশ্বিন ১৪৩১
২৫ সেপ্টেম্বর ২০২৪

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১। নিবন্ধক, যৌথমূলধন কোম্পানি ও ফার্মসমূহের পরিদপ্তর, টিসিবি ভবন ১, কারওয়ান বাজার, ঢাকা

০২। জেলা প্রশাসক, ঢাকা

০৩। সভাপতি, এফবিসিসিআই, ৬০ মতিঝিল বা/এ, ঢাকা


০৪। জনাব নাহিদ আফরোজ, যুগ্মসচিব (রপ্তানি-২ অধিশাখা), বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা

০৫। সচিবের একান্ত সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব এর সদয় অবগতির জন্য)

০৬। তথ্য ও জনসংযোগ কর্মকর্তা, উপদেষ্টার দপ্তর, বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা

০৭। ব্যক্তিগত কর্মকর্তা, উপদেষ্টার দপ্তর, বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয় (মাননীয় উপদেষ্টার সদয় অবগতির জন্য)

০৮। অফিস সচিব, বাংলাদেশ কম্পিউটার সমিতি, হাউজ-৩৩/বি, রোড-০৪, ধানমন্ডি আ/এ, ঢাকা-১২০৫


পুলক কুমার
সিনিয়র সহকারী সচিব
ই-মেইল: to2@mincom.gov.bd